সাপ্তাহিক WEEKLY BANGALEE

# বাঙালী

প্রকাশনার ২৬ বছরে

MOST WIDELY READ WEEKLY NEWSPAPER IN BANGLA

VOL 26 ▫ ISSUE 1333 ▫ SATURDAY 01 APRIL 2017 ▫ ১৮ চৈত্র ১৪২৩ ▫ ৪ রজব ১৪৩৮ ▫ FREE


## হিলারী কি আবার দাঁড়াবেন?



**বাঙালী প্রতিবেদনঃ** দায়িত্ব গ্রহণের ১০০ দিন পূর্ণ হওয়ার আগেই যুক্তরাষ্ট্রের জনগুরুত্বপূর্ণ নানা বিষয়ে বিতর্কের অবতারণা করে, গণমাধ্যমসহ বিভিন্ন প্রতিষ্ঠানকে শত্রু হিসাবে দাঁড় করিয়ে, আদালত দ্বারা পদে পদে বাধাগ্রস্ত হয়ে, কংগ্রেসে প্রথম বিলেই চরম ধাক্কা খেয়ে পিছু হটতে বাধ্য হওয়ায় প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ভবিষ্যত নিয়ে নানা কথা উঠছে। মাঝে মাঝে ইমপিচমেন্টের আশংকার কথাও তুলছেন কেউ কেউ। গত ৮ নভেম্বরের নির্বাচনে শেষাংশ ৫৮ পাতায়

### প্রেসিডেন্ট ট্রাম্পের জামানায়

## ওবামা ও মিশেলের অন্যরকম জীবন

**বাঙালী প্রতিবেদনঃ** প্রায় প্রতিদিনই মিডিয়ায় এবং হোয়াইট হাউসে উচ্চারিত হচ্ছে সাবেক প্রেসিডেন্ট ওবামার নাম। সেটা ওবামাকেয়ার নিয়ে হোক আর প্রেসিডেন্ট ওবামার যে কোনো কর্মকান্ডকে কেন্দ্র করেই হোক না কেন। তবে কোনো কিছুরই উত্তর তিনি দিচ্ছেন না। হয়তো পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন এবং প্রেসিডেন্ট ট্রাম্পের জনপ্রিয়তায় প্রবল ধস নামায় মুচকি হাসছেন। তবে দীর্ঘ ৮ বছরের ব্যস্ততার পর এখন তিনি অবসরে। বেড়াচ্ছেন, রেস্ট নিচ্ছেন, বই পড়ছেন এবং বই লেখার পরিকল্পনা করছেন। সাথে আছেন শেষাংশ ৫৮ পাতায়

### তিস্তার পানি পেতে

# ভারতকে নিয়ে হাসিনার খেলা





**বাঙালী প্রতিবেদনঃ** ভারত তিস্তার পানির ন্যায্য হিস্যা বাংলাদেশকে দেবে না, আর বাংলাদেশ চুপচাপ সহ্য করে যাবে, সেই দিন আর নেই। কারণ বাংলাদেশকে নিয়ে এখন পৃথিবীর ক্ষমতাবান দেশগুলোর আগ্রহ লক্ষ্যণীয়। বিশেষ করে চীনের আগ্রহ নিয়ে ভারতের মাথাব্যথা রয়েছে। আর শেখ হাসিনা সেই বিষয়টি বুঝতে পেরে কূটনৈতিক খেলায় নেমেছেন- এমন কথার ইঙ্গিত দিয়েছে ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক আনন্দবাজার প্রতিবেদন। বিষয়টি এখন বাংলাদেশের রাজনৈতিক শেষাংশ ৫৬ পাতায়

## ট্রাম্প প্রতিরোধে স্যাংচুয়ারি সিটিগুলো ঐক্যবদ্ধ হচ্ছে

**বাঙালী প্রতিবেদনঃ** গত সোমবার এবং মঙ্গলবার নিউইয়র্ক সিটিতে হয়ে গেল ন্যাশনাল স্যাংচুয়ারি সিটিস কনভেনশন। যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্যাংচুয়ারি সিটির মেয়র সহ তাদের প্রতিনিধি, শেষাংশ ৬৪ পাতায়

### নতুন বাণিজ্যনীতি নিয়ে চিন্তা

## এবার বাংলাদেশের গার্মেন্টসে ট্রাম্পের হাত!



**বাঙালী প্রতিবেদনঃ** গত চার বছর ধরে বাংলাদেশকে জিএসপি সুবিধা থেকে বঞ্চিত করে রেখেছে যুক্তরাষ্ট্র। যদিও বাংলাদেশ পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম গার্মেন্টস রপ্তানিকারক দেশ। বাংলাদেশের সরকারের পক্ষ থেকে সবসময় মার্কিন সরকারের সাথে সুসম্পর্কের দাবি করা হলেও এবং বিভিন্ন সময় মার্কিন কর্মকর্তাদের সাথে এ বিষয়ে দেন দরবার হলেও আজ পর্যন্ত বরফ গলেনি। তবে বাংলাদেশ সরকার ধারণা করে রেখেছে যেহেতু ডোনাল্ড ট্রাম্প ব্যবসায়ী, তিনি হয়তো এ বিষয়ে একটি সঠিক ও বাংলাদেশের জন্য সদয় সিদ্ধান্ত নেবেন। কিন্তু গত ১ মার্চ হোয়াইট হাউস থেকে ২০১৭ সালের বাণিজ্যনীতি বিষয়ে এবং ২০১৬ সালের বার্ষিক বাণিজ্য প্রতিবেদন প্রকাশিত হলে তাতে দেখা যায় বাংলাদেশে শ্রমিকদের অধিকার রক্ষায় যদি সরকার আরো কঠোর অবস্থানে না যায় তাহলে তারাও বাংলাদেশ থেকে গার্মেন্টস আমদানীর ব্যাপারে আরো কঠোর সিদ্ধান্ত নেবেন। পরিস্থিতিকে অনেকেই বাংলাদেশের মতো ক্রম উন্নয়নমুখী একটি দেশে প্রেসিডেন্ট ট্রাম্পের শাস্তিমূলক শেষাংশ ৫৬ পাতায়

## নিউইয়র্ক সিটির হাসপাতাল অবৈধদের জন্য নিরাপদ

**বাঙালী প্রতিবেদনঃ** প্রেসিডেন্ট ট্রাম্পের ইমিগ্রান্ট বিরোধী নির্বাহী আদেশসহ ইমিগ্রেশন এজেন্টদের নানা তাৎপরতার কারণে নিউইয়র্ক সিটির সরকারী হাসপাতালগুলোতে শেষাংশ ৫৬ পাতায়

## নরওয়েতে বিজনেস ফর পিস পুরস্কার পেলেন শাহনাজ



**অসলো,৩১মার্চঃ** বাংলাদেশি উদ্যোক্তা শাহনাজ দূরীন মর্যাদাপূর্ণ 'বিজনেস ফর পিস' পুরস্কারের জন্য মনোনীত হয়েছেন। মঙ্গলবার নরওয়ের অসলো সিটি হলে এ বছরের পুরস্কারজয়ী হিসেবে দূরীনসহ চার ব্যবসায়ীর নাম শেষাংশ ৬৪ পাতায়

## এরশাদ গড়ছেন ইসলামী ঐক্যজোট

**ঢাকা,৩১মার্চঃ** আরেকটি মহাজোট গঠনের ঘোষণা দিয়েছেন জাতীয় পার্টির (জাপা) চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ। তিনি আশাবাদি, আওয়ামী লীগ নেতৃত্বাধীন ১৪ দল ও বিএনপি নেতৃত্বাধীন শেষাংশ ৬১ পাতায়

## ফার্স্টলেডির সম্মাননা পেলেন ঝালকাঠির কিশোরী শারমিন



**ওয়াশিংটনডিসি,৩০মার্চঃ** যুক্তরাষ্ট্রের সেক্রেটারি অব স্টেটের আন্তর্জাতিক সাহসী নারীর পুরস্কার (সেক্রেটারি অব স্টেটস ইন্টারন্যাশনাল উইমেন কারেজ শেষাংশ ৬৪ পাতায়

### নিউইয়র্কের কলাম্বিয়া ইউনিভার্সিটিতে

## বাংলাদেশ বিষয়ক সেমিনার ভেস্তে গেল

**নিজস্ব প্রতিবেদনঃ** নিউইয়র্কে বিশ্বখ্যাত শিক্ষা প্রতিষ্ঠান কলম্বিয়া ইউনিভার্সিটির ম্যাথমেটিকস হলে বাংলাদেশ বিষয়ক এক সেমিনারে তুলকালাম কান্ড ঘটেছে। আয়োজক সংগঠনের বিরুদ্ধে বাংলাদেশবিরোধী ষড়যন্ত্রে লিপ্ত থাকার অভিযোগ এনে প্রথমে সেমিনারটি ভন্ডুলের চেষ্টা এবং পরে প্রশ্নোত্তর পর্বে অংশ নিয়ে বাংলাদেশের উন্নয়ন-অগ্রগতিসহ বর্তমান সরকারের নানান ইতিবাচক দিক তুলে ধরার চেষ্টা করেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নেতা-কর্মীরা। তবে উদ্ভূত পরিস্থিতিতে সেমিনারটি নির্ধারিত সময়ের আগেই শেষ হয়ে যায়। আর এ ঘটনা নিয়ে বুধবার সন্ধ্যা থেকে মধ্যরাত পর্যন্ত আওয়ামী লীগ নেতা-কর্মীদের শেষাংশ ৬১ পাতায়

## আলোড়ন তুলেছে নির্ভিক বালিকার ভাষ্কর্য নিউইয়র্কে



**বাঙালী প্রতিবেদনঃ** লোয়ার ম্যানহ্যাটানে ব্রডওয়ের শেষ মাথায় ওয়াল স্ট্রিট বুল বিশ্ববিখ্যাত ভাস্কর্যকর্ম। ব্রোঞ্জের তৈরি এই ভাস্কর্যটি প্রতিদিন হাজার হাজার পর্যটক দেখতে যান। কিন্তু ৮ মার্চ তার সামনে শেষাংশ ৫৫ পাতায়

## মালয়েশিয়ার কারাগারে দুই বছরে মৃত্যু ১৭ বাংলাদেশীর

**ঢাকা,৩১মার্চঃ** মালয়েশিয়ার ইমিগ্রেশন কারাগারে গত দুই বছরে ১১৮ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে ১৭ জন বাংলাদেশি। সবচেয়ে বেশি মারা শেষাংশ ৪৭ পাতায়

## উপ-নির্বাচনে জয়ী হলেন সুরঞ্জিতের স্ত্রী



**ঢাকা,৩১মার্চঃ** জাতীয় সংসদের সুনামগঞ্জ-২ (দিরাই ও শাল্লা) আসনে উপনির্বাচনে বেসরকারি ফলাফলে বিজয়ী হয়েছেন শেষাংশ ৬৩ পাতায়

### মৌলভীবাজারে অপারেশন সমাপ্ত

## জঙ্গি আস্তানায় শিশুসহ ৭ লাশ

**ঢাকা,৩১মার্চঃ** মৌলভীবাজারের নাসিরপুরের 'জঙ্গি আস্তানা' ঘিরে পরিচালিত অপারেশন হিটব্যাক সমাপ্ত ঘোষণা করা হয়েছে। দুই দিনের ওই অভিযানে সাত থেকে আটজন নিহত হয়েছে বলে জানিয়েছে পুলিশ। ভিন্ন একটি সূত্রে জানা গেছে, নিহতদের মধ্যে একাধিক শিশুও আছে। আগের দিন শুরু করা অভিযান শেষ হয়েছে গতকাল শেষাংশ ৬০ পাতায়

## কুমিল্লা নির্বাচনে আ.লীগের পরাজয়ের নেপথ্যে

**ঢাকা,১এপ্রিলঃ** কুমিল্লা সিটি করপোরেশনের (কুসিক) নির্বাচনে মেয়র পদে কেন হারলেন আওয়ামী লীগ প্রার্থী আঞ্জুম সুলতানা সীমা? বৃহস্পতিবারের নির্বাচনের ফলাফলের পর এমন প্রশ্ন অনেকের মুখে মুখে। ভোট বিশ্লেষণে দেখা গেছে, আওয়ামী লীগের মেয়র প্রার্থী আঞ্জুম সুলতানা সীমা ১১ হাজার ৮৫ ভোটের ব্যবধানে পরাজিত হয়েছেন। একই প্রার্থী বিএনপির মনিরুল হক সাক্কুর কাছে ৫ বছর আগে ২০১২ সালে প্রথম কুসিক শেষাংশ ৬১ পাতায়


হালাল খাবার
panahar Restaurant
পার্কিং সুবিধা
Indian Kitchen
পানাহার রেস্টুরেন্ট
মনোরম পরিবেশ, সুস্বাদু ও স্বাস্থ্যকর খাবার, লাঞ্চ, ডিনার এবং ক্যাটারিং
139-32 Hillside Ave, Jamaica, NY 11435
718-526-8300
panahar2016@gmail.com ● panaharindiankitchen.com

Bangladesh Travel
bangladeshtravel@hotmail.com
www.bangladeshtravels.com
New York-Dhaka from $530
* Fares Subject to change * Tax not Included
Jafor Ferdous: 718-854-6278

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ / কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম/ ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Timothy Bompart, Attorney at Law
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com
Moin Choudhury, Attorney at Law
Bompart & Bompart LLC : 95-20 63rd Road, Suite M Rego Park, NY 11374
Jackson Heights & Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI only and the U.S Supreme Court.

ওয়ার্ল্ডওয়াইড ট্রাভেল সার্ভিসেস
সর্বনিম্ন মূল্যে!
নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক এয়ার টিকেট
আমরাই একমাত্র বাংলাদেশী-আমেরিকান 'এআরসি' অনুমোদিত ট্রাভেল এজেন্ট।
Jackson Hts, NY: (718) 507-2244
Jamaica, NY: (718) 883-7900
Bronx, NY: (718) 863-1111
Brooklyn, NY: (718) 853-1100
Atlanta, GA: (404) 484-7749
reservation@worldwide-travel.info
We Accept Major Credit Cards
টিকেট নিয়ে এয়ারপোর্ট থেকে ফিরে না আসার নিশ্চয়তা

শারীরিক, মানসিক এবং বুদ্ধি প্রতিবন্ধিগণ
মাসে ৫০০ থেকে ২৮০০ ডলার
ডিসএবিলিটি ভাতা নিতে পারেন
বিনা পরীক্ষায় আমেরিকান সিটিজেনশীপ
USCDE INC. 718-324-1000
40-20 74th Street, Elmhurst, NY 11373
বিস্তারিত ভিতরের পাতায় দেখুন


www.weeklybangalee.com